

৩.৪ সেবার নাম: কৃষিক্ষণ প্রাপ্তিতে সহায়তা প্রদান			
৩.৪.১ সেবা প্রোফাইল			
সেবা প্রদানকারী অফিসের নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সেবাপ্রাপ্তির স্থান	প্রয়োজনীয় সময়
উপজেলা কৃষি অফিস	১. সদর দপ্তরের উপ-পরিচালক (উপকরণ) ২. উপজেলা কৃষি কর্মকর্তা ৩. অতিরিক্ত কৃষি কর্মকর্তা ৪. কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ৫. সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা ৬. SAAO	উপজেলা কৃষি অফিস	৬-৭ দিন
সেবা প্রদানের সংক্ষিপ্ত বিবরণ	<p>ঋণবিষয়ক সুবিধাদি এবং প্রয়োজ্য সুদের হার বিষয়ে কৃষকদের অবহিত করা হয়। কৃষকদের সাথে সভা করে ঋণ গ্রহণে ইচ্ছুক উপযুক্ত/আগ্রহী চাষির সংখ্যা জানা হয়। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান হতে কৃষিক্ষণ গ্রহণে ইচ্ছুক উপযুক্ত চাষির তালিকা তৈরি করে ইউনিয়ন কমিটি কর্তৃক আগ্রহী ও প্রগতিশীল কৃষকের উপযুক্ততা যাচাইপূর্বক অগ্রাধিকার তালিকা তৈরি এবং সুপারিশসহ উপজেলা কমিটিতে প্রেরণ করা হয়। উপজেলা কমিটিতে অগ্রাধিকার তালিকা উপস্থাপন, অনুমোদন এবং ঋণপ্রাপ্তির সুপারিশসহ সংশ্লিষ্ট ব্যাংকে প্রেরণ করা হয়। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান হতে কৃষিক্ষণ প্রাপ্তিতে সহায়তা করা হয় এবং এর অনুকূলে ফসল উৎপাদন পরিকল্পনা প্রণয়নে সহায়তা প্রদান করা হয়।</p> <p>বাংলাদেশ ব্যাংকে প্রধান প্রধান ফসলের উৎপাদন খরচ সরবরাহ করে ঋণ বিতরণের নীতিমালা প্রণয়নে সহায়তা প্রদান সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ঋণের টাকা কৃষকের ব্যাংক অ্যাকাউন্টে স্থানান্তরের ক্ষেত্রে সহায়তা করা হয়।</p>		
সেবাপ্রাপ্তির শর্তাবলি	প্রকৃত কৃষক হতে হবে		
প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজন নেই		
প্রয়োজনীয় ফি/ট্যাক্স/আনুষঙ্গিক খরচ	বিনামূল্যে		
সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালা	কৃষি সম্প্রসারণ ম্যানুয়েল		
নির্দিষ্ট সেবা পেতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকারকারী কর্মকর্তা	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর		
সেবা প্রদান/প্রাপ্তির ক্ষেত্রে অসুবিধাসমূহ	ক) নাগরিক পর্যায়ে	১. সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান হতে ঋণ গ্রহণে হারানির শিকার হওয়া, ২. সুদের হার বেশি	
	খ) সরকারি পর্যায়ে	আর্থিক প্রতিষ্ঠানের স্বতঃস্ফূর্ত সহযোগিতার অভাব	
বিবিধ/অন্যান্য	১. প্রাপ্ত কৃষিক্ষণ সময়মতো পরিশোধ করার জন্য কৃষকদেরকে উৎসাহ প্রদান করা ২. কৃষিক্ষণ সঠিক ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা করা		

### ৩.৪.২ প্রসেস ম্যাপ

সেবার নাম: কৃষিক্ষণ প্রাপ্তিতে সহায়তা প্রদান

ধাপ সংখ্যা: ৭টি  
সম্পূর্ণ জনবল: ৬ জন  
সময়: ৬-৭ দিন

